

সারাদেশ

টেকসই উন্নয়নে গ্রামের উন্নয়ন জরুরি, সরাইলে জেলা পরিষদ প্রশাসক

প্রতিবেদক: ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি

প্রকাশের তারিখ: শনিবার, ০৩ অক্টোবর ২০২৬, ০৯:০২ PM



গ্রামীণ প্রান্তিক জনগোষ্ঠীর উন্নয়ন ছাড়া শহরের টেকসই উন্নয়ন সম্ভব নয় বলে মন্তব্য করেছেন ব্রাহ্মণবাড়িয়া জেলা পরিষদের প্রশাসক ও জেলা বিএনপির সাধারণ সম্পাদক আলহাজ্ব মো. সিরাজুল ইসলাম সিরাজ।

শনিবার (৩ অক্টোবর) দুপুরে সরাইল উপজেলার বিভিন্ন ইউনিয়ন পরিষদ পরিদর্শন ও জনপ্রতিনিধিদের সঙ্গে মতবিনিময় কর্মসূচির অংশ হিসেবে, ৭ নম্বর সরাইল সদর ইউনিয়ন পরিষদ হলরুমে অনুষ্ঠিত এক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

প্রধান অতিথির বক্তব্যে সিরাজুল ইসলাম সিরাজ বলেন, "গ্রামের প্রান্তিক মানুষের উন্নয়ন হলে তাদের সহযোগিতায় শহর এগোবে। শহর এগিয়ে গেলে বিভাগ এবং বিভাগ এগিয়ে গেলে রাজধানীসহ পুরো দেশ এগিয়ে যাবে। জেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদ স্থানীয় সরকার ব্যবস্থার দুটি গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান। গ্রামীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে এ দুই প্রতিষ্ঠানের মধ্যে কার্যকর সমন্বয় অত্যন্ত জরুরি।"

তিনি আরও বলেন, ইউনিয়ন পরিষদ স্থানীয় মানুষের সমস্যা সবচেয়ে কাছ থেকে উপলব্ধি করে, আর জেলা পরিষদ বৃহত্তর পরিসরে

অবকাঠামো নির্মাণে ভূমিকা রাখে। ভবিষ্যতে প্রান্তিক জনগোষ্ঠীর প্রয়োজন ও স্থানীয় চাহিদাকে অগ্রাধিকার দিয়ে মসজিদ, মাদ্রাসা, কবরস্থান, রাস্তাঘাট, ব্রিজ-কালভার্টসহ বিভিন্ন জনকল্যাণমূলক উন্নয়ন কার্যক্রম সমন্বিতভাবে এগিয়ে নেওয়ার আশ্বাস দেন তিনি।

সরাইল সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মো. আবদুল জব্বারের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, অ্যাডভোকেট নুরুজ্জামান লস্কর তপু, সাধারণ সম্পাদক, সরাইল উপজেলা বিএনপি আশরাফুল করিম রিপন, সহ-সভাপতি, সরাইল উপজেলা বিএনপি নিয়াজ মোহাম্মদ বিটু, সভাপতি, সাংবাদিক ইউনিয়ন ব্রাহ্মণবাড়িয়া পারভেজ আলম, সভাপতি, সরাইল উপজেলা প্রেসক্লাব মো. আলমগীর মিয়া, সাধারণ সম্পাদক, সরাইল উপজেলা প্রেসক্লাব এছাড়াও অনুষ্ঠানে সরাইল সদর ইউনিয়ন পরিষদের সকল সদস্য উপস্থিত ছিলেন।

মতবিনিময় সভার আগে জেলা পরিষদ প্রশাসক সরাইল উপজেলার শাহবাজপুর, শাহজাদাপুর, কালীকচ্ছ, নোয়াগাঁও, সরাইল সদর ও পানিশ্বর ইউনিয়ন পরিষদ পরিদর্শন করেন। পরিদর্শনকালে তিনি স্থানীয় জনপ্রতিনিধিদের কাছ থেকে নিজ নিজ এলাকার উন্নয়ন চাহিদা, সমস্যা ও সম্ভাবনার কথা শোনেন এবং তা দ্রুত সমাধানের প্রয়োজনীয় সহযোগিতার আশ্বাস দেন।

এ বিভাগের আরও খবর



পিরোজপুরে ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠিত
বাংলাদেশ জাতীয়তাবাদী ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে পিরোজপুরে [ইমাম-ওলামা মশারুফ সম্মেলন ও দোয়া অনুষ্ঠান] অনুষ্ঠিত হয়েছে। শনিবার...



৪৫০ টাকার রাসায়নিকে তৈরি হচ্ছে ২,২০০ টাকার দুধ
পানবার বিভিন্ন এলাকায় গড়ে উঠেছে অসংখ্য ডেইরি ফার্ম ও চিলিং সেন্টার। অভিযোগ রয়েছে, এসবের আড়ালে কোথাও কোথাও তৈরি হচ্ছে নকল দুধ। সয়াবিন তেল, গু...



তরুণ নেতৃত্ব নিয়ে মধ্যনগর সদর ইউনিয়নে নির্বাচনী প্রস্তুতিতে মিনু
সুনামগঞ্জের মধ্যনগর উপজেলার ও নতুন মধ্যনগর সদর ইউনিয়নে আসন্ন নির্বাচনে অংশ নেওয়ার প্রস্তুতি নিচ্ছেন উপজেলা
ছাত্রদের আদ্যয়ক মো. মিজানুর রহ...



আন্তগণ্য জমি নিয়ে বিরোধে ঘর নির্মাণে বাধা, হামলা ও প্রাণনাশের হুমকির অভিযোগ
ব্রাহ্মণবাড়িয়ার আন্তগণ্য উপজেলার তারপা ইউনিয়নে প্রায় ২০-২৭ শতাংশ জমির মালিকানা ও দখলকে কেন্দ্র করে দুই পক্ষের
মধ্যে এক মাস ধরে বিরোধ চলে আসছে...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/saradesh/teksi-unnyne-gramer-unny-jruri-sraile-jela-prishd-prshask>